বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর
৩২, ঈশা খাঁ এভিনিউ, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
তারালাপনীঃ ৭৯১৩২৫৬
Website: www.bncc.gov.bd

চৈত্র ১৪২২

৩০০১/৮৫/রিঃরিঃ/ /এ মার্চ ২০১৬

<u>সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত।</u>

বরাতঃ

ক। প্রধানমন্ত্রীর কার্যালয় পত্র নং ০৩.০৭৭.০৩৬.০১.০০.০১১.২০১৫-৩৯(৫৫) তারিখ ২২ ফেব্রুয়ারি ২০১৬।
খ। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

বরাত পত্রদ্বয়ের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের গত ০৭ (সাত) বছরের (২০০৯–২০১৫) অর্জিত উল্লেখযোগ্য সাফল্যসমূহের প্রতিবেদন ক্রোড়পত্র ‘ক’ আকারে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

ড. মোহাম্মদ নান্নু মোল্লা
পরিচালক (উপসচিব)
প্রশাসন ও হিসাব
মহাপরিচালকের পক্ষে

সংযুক্ত: ক্রোড়পত্র ‘ক ’ ও ০১টি সিডি ।

বিতরণঃ

বহির্গমনঃ

কাযক্রমঃ

সিনিয়র সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫ অধিশাখা)
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৪ অধিশাখা)
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা

ক্রোড়পত্র ক
বিএনসিসি অধিদপ্তর
পত্র নং ৩০০১/৮৫/রিঃরিঃ/ /এ
তারিখ: মার্চ ২০১৬।

গত ৭ (সাত) বছরে সরকারের গৃহীত কার্যক্রমের সাফল্য ও অগ্রগতি: ২০০৯-২০১৫ শীর্ষক প্রতিবেদন-বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর।

১। বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তর মূলত একটি প্রশিক্ষণধর্মী প্রতিষ্ঠান। ১৯২৩ সালে ইন্ডিয়ান টেরিটোরিয়াল ফোর্স এক্ট পাশের মাধ্যমে ঢাকায় ইউনিভার্সিটি ট্রেনিং কোর গঠন করা হয়। পরবর্তীতে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের পর দেশের যুব সমাজ তথা ইউনিভার্সিটি, কলেজ ও স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে সামরিক ও শিক্ষামূলক বিভিন্ন ধরণের প্রশিক্ষণের মাধ্যমে নেতৃত্বদান ও দেশ সেবার মনোভাব গড়ে তোলার উদ্দেশ্যে সাবেক ইউনিভার্সিটি অফির্সাস ট্রেনিং কোর (ইউওটিসি), বাংলাদেশ ক্যাডেট কোর (বিসিসি) ও জুনিয়র ক্যাডেট কোর (জেসিসি)-কে একীভূত করে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) গঠিত হয়। বর্তমানে এ বাহিনীটি বাংলাদেশ টেরিটোরিয়াল ফোর্সেস এ ক্ট ১৯৫০ দ্বারা পরিচালিত হচ্ছে।

২। **বিএনসিসি'র লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

ক। যুব সমাজের নৈতিক চরিত্রের উন্নতি সাধন, তাদের মধ্যে নেতৃত্বের গুণাবলী বিকাশ, দেশের কাজে ত্যাগের মনোভাব গঠন ও সর্বোপরি ছাত্র-ছাত্রীদের মধ্যে ভ্রাতৃত্ববোধ গড়ে তোলা।
খ। ছাত্র-ছাত্রীদের সামরিক প্রশিক্ষণের মাধ্যমে দেশের প্রতিরক্ষার কাজে উৎসাহ উদ্দীপনা যোগানো।
গ। জাতীয় উন্নয়নমূলক কর্মকান্ড এবং দূর্যোগের সময় সুশৃংখল স্বেচ্ছাসেবক বাহিনী হিসেবে গড়ে তোলা।
ঘ। বহিঃশত্রুর আক্রমণের প্রেক্ষিতে দ্বিতীয় সারির প্রতিরোধ বাহিনী হিসেবে গড়ে তোলা।
ঙ। নেতৃত্ব দানে সক্ষম নেতৃত্বের আধার হিসেবে গড়ে তোলা।

৩। **বিএনসিসি'র মূল কর্মকান্ডঃ**

বিএনসিসি দীর্ঘ দিনের ঐতিহ্যবাহী একটি সংগঠন যা দেশের বিশ্ববিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ও স্কুলের ছাত্র-ছাত্রীদের লেখা পড়ার পাশাপাশি সামরিক প্রশিক্ষণ প্রদান করে থাকে এর সামগ্রিক কর্মকান্ড/সাফল্য সারাবছর ক্যাডেটদের প্রশিক্ষণ কার্যক্রমকে কেন্দ্র করে পরিচালিত হয়। এ সমস্ত প্রশিক্ষণ কর্যক্রমের মধ্যে রয়েছে :

ক। ড্রিল।
খ। অস্ত্র প্রশিক্ষণ (ফায়ারিং ও বেয়োনেট ফাইটিং)।
গ। ফিল্ড ট্রেনিং (ফিল্ড ক্রাফ্ট, ব্যাটেল ড্রিল, ফিল্ড ইঞ্জিনিয়ারিং)।
ঘ। সামরিক ইতিহাস পাঠ।
ঙ। ম্যাপ রিডিং।
চ। আন-আর্মড কম্ব্যাট।
ছ। ফাস্ট এইড।
জ। দূর্যোগ ব্যবস্থাপনা।
ঝ। নেতৃত্ব প্রশিক্ষণ।
ঞ। সমাজ কল্যাণ।
ট। সাংস্কৃতিক বিকাশ ও চর্চার উপর প্রশিক্ষণ
ঠ। রেপলিং।
ড। দু:সাহসিক অভিযান।

৪। **ভৌত ও অবকাঠামোগত আধুনিকায়নঃ**

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর অন্তর্গত ০৫টি রেজিমেন্ট (সেনা) ও ০২টি উইং (নৌ ও বিমান উইং) ও ০১টি প্রশিক্ষণ একাডেমি বিদ্যমান রয়েছে। রমনা রেজিমেন্ট, ঢাকা, কর্ণফুলী রেজিমেন্ট, চট্টগ্রাম ময়নামতি রেজিমেন্ট, কুমিল্লা, মহাস্থান রেজিমেন্ট, রাজশাহী, সুন্দরবন রেজিমেন্ট, খুলনা, নৌ উইং, ঢাকা ও বিমান উইং ঢাকা এবং বিএনসিসি প্রশিক্ষণ একাডেমি, বাইপাইল, সাভার-এ অবস্থিত। বিএনসিসি প্রশিক্ষণ একাডেমি বাইপাইল, সাভারে ০৪টি ট্রেনিংসেড নির্মাণসহ ক্যাডেটগণের ব্যহারের জন্য অনেকগুলো পাকা টয়লেট নির্মাণ করা হয়েছে। প্রশিক্ষণ এবং অফিসিয়াল কার্যক্রম পরিচালনার জন্য ২১ টি কম্পিউটার ও ০২টি ল্যাপটপ ক্রয় করা হয়। বিএনসিসি'র মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠ তদারকি, পরিদর্শন ও সম্পাদনের জন্য নতুন ০৯টি জিপ, ০১টি মাইক্রোবাস, ০৩টি পিকআপ এবং ০২টি ট্রাক ক্রয় করা হয়েছে। এছাড়া চলতি অর্থ বছরে ০২টি জিপ ক্রয় করা হয়েছে।

ক। **সংগঠন**

১. বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর ০৫টি রেজিমেন্ট ও ০২টি উইং (নৌ ও বিমান) নিয়ে পরিচালিত হচ্ছে। আরও ০৩টি নতুন রেজিমেন্ট গঠনের কার্যক্রম চলছে। ইতোমধ্যে ০২টি রেজিমেন্টের জন্য ভবনাদি নির্মান এবং একটি রেজিমেন্টের জন্য জমি অধিগ্রহন করা হয়েছে। এ ছাড়া এ সময়ে উল্লিখিত ০৩টি রেজিমেন্টের জন্য ২১ জন কর্মকর্তা ও ২০৪ জন বেসামরিক কর্মচারী সর্বমোট ২২৫ জন জনবল সৃষ্টির জন্য সরকারের শীর্ষ পর্যায় থেকে নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

খ। **মানবসম্পদ**

বিগত ০৭ (সাত) বছরে অত্র অধিদপ্তরে ৩য় শ্রেণির পদে ৪৮ জন এবং ৪র্থ শ্রেণির পদে ৮০ জন কর্মচারী নিয়োগ প্রাপ্ত হন। এছাড়া এ সময়ের মধ্যে উচ্চমান সহকারী হতে সুপারিনটেনডেন্ট পদে ০৫ জন, অফিস সহকারী হতে উচ্চমান সহকারী পদে ১৯ জন এবং অফিস সহকারী হতে ক্যাশিয়ার পদে ০১ জন কর্মচারী পদোন্নতি প্রাপ্ত হন।

৫। বিএনসিসি'র বিগত ০৭ বছরের প্রশিক্ষণ চিত্র ও অর্জিত সাফল্যসমূহের সংক্ষিপ্ত প্রতিবেদন নিম্নে তুলে ধরা হলোঃ

ক। আরটিই ক্যাম্পঃ বিএনসিসি'র ০৫টি সেনা রেজিমেন্ট ও ০২টি উইং (নৌ ও বিমান) এর তত্ত্বাবধানে ক্যাডেটদের স্থানীয়ভাবে রেজিমেন্ট/উইং পর্যায়ে সমন্বিত প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে বার্ষিক প্রশিক্ষণ অনুশীলনের আয়োজন করা হয়। বিগত ০৭ বছরে রেজিমেন্ট/উইং পর্যায়ে প্রায় ১৮,৭০০ জন ক্যাডেটকে সামরিক, সামাজিক ও বিবিধ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

খ। **শিক্ষাপ্রতিষ্ঠান পর্যায়ে প্রশিক্ষণঃ**

সারা দেশে ৪৯৪টি শিক্ষা প্রতিষ্ঠনে বিএনসিসি'র কার্যক্রম চালু আছে যেখানে ১,০৭,৮৫৫ জন ক্যাডেটকে শান্তিকালীন ও যুদ্ধকালীন সময়ে সেবা প্রদানের জন্য প্রশিক্ষণ দেয়া হয়েছে।

গ। **সিটিই প্রশিক্ষণঃ** বিএনসিসি'র ০৫টি রেজিমেন্ট ও ০২টি উইং (নৌ ও বিমান) এর বাছাই করা ক্যাডেটদের একত্রে বিবিধ সামরিক ও অন্যান্য প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্য কেন্দ্রীয়ভাবে এ ধরনের অনুশীলনের আয়োজন করা হয়। ঢাকা জেলার সাভার থানাধীন বাইপাইল বিএনসিসি'র কেন্দ্রীয় প্রশিক্ষণ এলাকায় উক্ত অনুশীলনের আয়োজন করা হয়। বিগত ০৭ বছরে ৪৬৫০ জন ক্যাডেট কেন্দ্রীয় প্রশিক্ষণ অনুশীলনে অংশগ্রহণ করে।

ঘ। **শীতকালীন যৌথমহড়াঃ** সামরিক পরিবেশে থেকে প্রশিক্ষণ গ্রহনের নিমিত্তে প্রতিবছর বিএনসিসি'র ক্যাডেটদের জন্য সামরিক বাহিনীর সদস্যদের সাথে যৌথ প্রশিক্ষণের আয়োজন করা হয় । সাধারণত বিভিন্ন সেনা ইউনিট যখন এ প্রশিক্ষণের আয়োজন করে থাকে তখন বিএনসিসি'র ক্যাডেটগণদেরও উক্ত প্রশিক্ষণে সামিল করা হয়। এ সময় বিএনসিসি'র ক্যাডেটগণ প্রত্যক্ষভাবে সামরিক পরিবেশে থেকে প্রশিক্ষণ লাভ করে থাকে । বিগত ০৭ বছরে প্রায় ৫৯০৪ জন ক্যাডেট উক্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন ।

ঙ। **বিটিই প্রশিক্ষণঃ** প্রতিটি রেজিমেন্ট/উইং-এ বার্ষিক প্রশিক্ষণ অনুশীলন ছাড়াও প্রতি বছর রেজিমেন্ট/উইংসমুহের আওতায় ব্যাটালিয়নভিত্তিক ছোট ছোট প্রশিক্ষণ ক্যাম্পের আয়োজন করা হয়ে থাকে যা বিটিই প্রশিক্ষণ নামে পরিচিত। বিগত ০৭ বছরে ৪১,৪০০জন ক্যাডেট ক্যাপসুল প্রশিক্ষণ ক্যাম্পে সামরিক ও দুর্যোগ ব্যবস্থাপনা সহ বিবিধ প্রশিক্ষণ গ্রহণ করেছেন ।

চ। **কম্পিউটার প্রশিক্ষণঃ** বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, ঢাকায় একটি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে । এ ল্যাবের মাধ্যমে বিএনসিসি'র ক্যাডেটদের কেন্দ্রীয়ভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া বিএনসিসি'র অধীনস্থ ০৫টি রেজিমেন্টের নিজ নিজ অফিস ব্যবস্থাপনায় কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে । এ সমস্ত ল্যাবের মাধ্যমে রেজিমেন্টের আওতাভূক্ত বিএনসিসি'র ক্যাডেটদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

ছ। **অন্যান্য প্রশিক্ষণঃ** বিগত ০৭ বছরে বিএনসিসি'র প্রায় ৩০,০০০(ত্রিশ হাজার) ক্যাডেট লিডারশিপ, ব্যান্ড প্রশিক্ষণ, প্রাথমিক চিকিৎসা কোর্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কোর্স এবং কম্পিউটার প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

জ। **মহান বিজয় দিবস প্যারেডঃ** বিএনসিসি'র ক্যাডেটগণ বাংলাদেশ সশস্ত্র বাহিনীসহ অন্যান্য আইন শৃংখলা বাহিনীর সদস্যদের সাথে ঢাকায় প্যারেড স্কয়ারে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস প্যারেডে অংশগ্রহণ করে থাকে । বিগত ০৭ বছরে প্রায় ১৪২৩৮ জন ক্যাডেট বিজয় দিবস প্যারেডে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অংশগ্রহণ করেছেন ।

ঝ। **মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে শিশু কিশোর সমাবেশে অংশগ্রহণঃ** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকায় আয়োজিত শিশু-কিশোর সমাবেশে বিএনসিসি'র ২৯৯ জন ক্যাডেট অংশগ্রহণ করেছে ।

৬। **অন্যান্য কর্মকান্ড–সরকারের কল্যাণমূলক বিভিন্ন কর্মকান্ড বিএনসিসি'র সার্ভিস অফিসার, বিটিএফও, পিইউও, টিইউও এবং ক্যাডেটদের সমন্বয়ে গঠিত টিম এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়ঃ**

ক। **বৃক্ষরোপন অভিযানঃ** বিএনসিসি'র ক্যাডেটগণ কর্তৃক বিগত ০৭ বছরে নিজ নিজ শিক্ষা প্রাঙ্গনে/রাস্তার পার্শ্বে প্রায় ৬০,০০০ (ষাট হাজার) বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপন করা হয়েছে ।

খ। **রক্তদান কর্মসূচীঃ** বিগত ০৭ বছরে প্রায় ১২০০ ক্যাডেট আর্তমানবতার সেবায় স্বেচ্ছায় রক্তদান করেছে।

গ। **জাতীয় দুর্যোগে ত্রাণ বিতরণঃ** দেশের জাতীয় দুর্যোগে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের তত্ত্বাবধানে ০৫টি রেজিমেন্ট ও ০২টি উইং স্থানীয়ভাবে বিএনসিসি'র সার্ভিস অফিসার, বিটিএফও, পিইউও,টিইউও এবং ক্যাডেটদের সমন্বয়ে গঠিত টিম এর মাধ্যমে ত্রাণ বিতরণ করেছেন । ২০১৩ সনে সাভারস্থ রানা প্লাজায় যে ভয়াবহ র্দুঘটনা ঘটে সেখানে বিএনসিসি'র ক্যাডেটগণ আহত-নিহতদের উদ্ধার কাজে অংশগ্রহন করেন। এছাড়া ২০১৫ সালে ফায়ার সার্ভিস, এ ডভ্যান্স লিডারশিপ, আন–আর্মর্ড কম্ব্যাট প্রশিক্ষণ, দূর্যোগ ব্যবস্হাপনা, ফার্স্ট এইড ও কম্পিউটার প্রশিক্ষণে প্রায় ২৬০ জন ক্যাডেট প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিএনসিসি'র ওয়েব-সাইটঃ** বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের জন্য কেন্দ্রীয়ভাবে বিএনসিসি'র ওয়েব-সাইট খোলা হয়েছে। বিএনসিসি'র সকল প্রকার কর্মকান্ড এ ওয়েব সাইটে প্রকাশ করা হয়। ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করা হয়। বিএনসিসি'র অধীনস্থ ০৫টি রেজিমেন্ট ও ০২টি উইং এর নিজস্ব ওয়েব সাইট রয়েছে। এ সমস্ত ওয়েব সাইটের মাধ্যমে রেজিমেন্ট ও উইং এর সমস্ত কর্মকান্ড প্রকাশ করা হয়।

৮। **রেডিও প্রোগ্রাম-দৃপ্ত শপথ অনুষ্ঠানঃ** দেশের জনগণকে ক্যাডেটদের কার্যক্রম অবহিতকরণসহ বিএনসিসি'তে সম্পৃক্ত করার লক্ষ্যে বিএনসিসি'র মাসিক নিয়মিত প্রোগ্রাম দৃপ্ত শপথ অনুষ্ঠানের রেকর্ডিং বাংলাদেশ বেতারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি প্রতি মাসে বাংলাদেশ বেতারে প্রচারিত হয়।

৯। **বিদেশ সফরঃ** যুব বিনিময় এবং বিদেশী ক্যাডেটদের সাথে মতবিনিময় ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপনের উদ্দেশ্য প্রতি বছর ভারত, শ্রীলংকা, নেপাল ও মালদ্বীপের ক্যাডেট ও কর্মকর্তাগণ বাংলাদেশ সফর করে থাকেন এবং বাংলাদেশ থেকেও ঐ সমস্ত দেশে ক্যাডেট ও কর্মকর্তাগণ সফর করে থাকেন। বিগত ০৭ বছরে ২৬২ জন বাংলাদেশী ক্যাডেট ভারত, শ্রীলংকা ও মালদ্বীপ সফর করেছেন। একই সময়ে ১৫৭ জন ভারত, শ্রীলংকা, নেপাল ও মালদ্বীপ এর ক্যাডেট বাংলাদেশ সফর করেছেন। এ সমস্ত সফরে বিএনসিসি'র মহাপরিচালক, অন্যান্য সামরিক এবং বিটিএফও কর্মকর্তাগণ ভারত, শ্রীলংকা ও মালদ্বীপ সফর করেছেন এবং অনুরুপভাবে ঐ সমস্ত দেশ হতে মহাপরিচালক, পরিচালক এবং সামরিক কর্মকর্তাগণ বাংলাদেশ সফর করেছেন।

১০। **বিএনসিসি আইন ২০১৫**– বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর আইন ২০১৫ সময়োপযোগী করে বাংলা ভাষায় খসড়া প্রণয়নপূর্বক পরবর্তী কার্যক্রমের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় বিগত ২৮ ডিসেম্বর ২০১৫ তারিখ মন্ত্রিপরিষদ সভায় অনুমোদিত হয় যা বর্তমানে চূড়ান্ত অনুমোদনের প্রক্রিয়ধীন রয়েছে।

১১। **গাড়ী ক্রয়ঃ** বিএনসিসি'র প্রশিক্ষণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ২০১৩-২০১৪ অর্থ বছরে বছরে ০১টি স্টাফ কার ও ০৩টি জিপ, ০১টি মটর সাইকেল এবং ২০১৪–২০১৫ অর্থ বছরে ০২টি জিপ গাড়ী ক্রয় করা হয়েছে।

১২। **সরঞ্জামাদি ক্রয়ঃ** ক্যাডেটদের ব্যবহারের জন্য পোশাকাদি, কম্বল, বুট, তাঁবু এবং কম্পিউটার ক্রয় করা হয়েছে।